রেজিস্ট্রার কার্যালয়

প্রাপ্তি নং............ প্রাপ্তির তারিখ..........

গ্রহণকারীর ....

অতীব জরুরি

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১৮.২৫/৪৫২ তারিখ: ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর আওতায় ব্যানবেইস এর ওয়েবসাইটে Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের দায়িত্বে নিয়োজিত একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছর দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে। দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, শিক্ষা সংশ্লিষ্ট প্রধান কৃতকর্ম নির্দেশক প্রস্তুত, মন্ত্রণালয়ের তথ্য প্রদান, UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানে বিলম্ব ঘটে, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ সঠিক অবস্থান প্রতিফলিত হয় না। তাই সঠিক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে সঠিক সময়ে আপলোড হওয়া অত্যাবশ্যক।

২। বর্ণিতাবস্থায় আগামী **২০ অক্টোবর – ৩০ নভেম্বর ২০২৫** তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের তথ্য ব্যানবেইস এর সার্ভারে আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ফরম নির্দেশিকা (Manual) ও তথ্যছকসমূহ আগামী ১৯ অক্টোবর ২০২৫ থেকে ব্যানবেইস এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

সরাসরি Login করতে, **http://202.72.235.217:3028/login** লিংক ব্যবহার করুন।

EIIN/User ID: ...136596...; Password: 532688

(প্রফেসর মোঃ গোলাম ফিরোজ)
পরিচালক (পরিসংখ্যান)
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৩৩
E-mail: feroze.rupkotha@gmail.com

রেজিস্ট্রার (সকল)
...শেরেবাংলা কৃষি...বিশ্ববিদ্যালয়

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ];

২। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৩। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৪। পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউ.জি.সি), আগারগাঁও, ঢাকা [বিশ্ববিদ্যালয়সমূহের তথ্য ব্যানবেইস সার্ভারে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৫। অফিস কপি।

শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৫ (বিশ্ববিদ্যালয়) এর তথ্য ছক পূরণ নির্দেশিকা

অত্যাবশ্যকীয় নির্দেশাবলী:

* প্রত্যেকটি প্রশ্ন ভালভাবে পড়ে, বুঝে সঠিক উত্তর দিন।
* স্বল্প সময়ে এবং সঠিকভাবে তথ্য প্রদান সম্পন্ন করার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য তথ্যছক ব্যানবেইস এর ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক সকল তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক হার্ডকপিতে লিপিবদ্ধ করে ব্যানবেইসের ওয়েবসাইট হতে সফটওয়্যারে লগ ইন করে তথ্যছকে তথ্য পূরণ করুন।
* শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীদের তথ্য প্রদানের ক্ষেত্রে সেপ্টেম্বর ২০২৫ এর হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।
* শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় পূরণের ক্ষেত্রে **অভ্র কি-বোর্ড** এবং **Nikosh ফন্ট** ব্যবহার করুন।
* **তারকা চিহ্নিত সকল ফিল্ডের তথ্য অবশ্যই প্রদান করতে হবে।**
* তথ্য ছক পূরণ করার সময় বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করার পর কোন কারণবশত আর তথ্য প্রদান করা সম্ভবপর না হলে Log out করে কিছুটা সময় পর পুনরায় লগ-ইন পাতায় গিয়ে User ID এবং Password **(532688)** দিয়ে মূল তথ্যছকের পাতায় প্রবেশ করতে হবে।

* **বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রদানের মেয়াদ ২০ অক্টোবর থেকে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত।**

১. প্রথমে কম্পিউটারের ব্রাউজার (যেমন: Google Chrome) এ প্রবেশ করুন।

২. ব্রাউজারে ব্যানবেইস এর ওয়েবসাইট www.banbeis.gov.bd এ প্রবেশ করুন।



৩.উপরের চিত্রে প্রদর্শিত ছবির নির্দেশনা অনুযায়ী **শিক্ষা জরিপ ২০২৫** মেনুতে ক্লিক করুন এবং সংশ্লিষ্ট সাব মেন্যুতে ক্লিক করুন।

অথবা

সরাসরি Login করতে **http:// 202.72.235.217:3028/login** লিংক ব্যবহার করুন।

৪. ক্লিক করার পর নিম্নোক্ত ছবির মত Log in Page প্রদর্শিত হবে। এখানে User ID বক্সে আপনার প্রতিষ্ঠানের User ID:………….. এবং Password ব **Log in** লিখে বাটনে ক্লিক করুন।



৫. লগ-ইন সফলভাবে সম্পন্ন হলে নিম্নোক্ত ছবির মত তথ্যছকের মূল পাতা প্রদর্শিত হবে। আপনি সঠিকভাবে নিজ বিশ্ববিদ্যালয়ের আইডিতে লগ-ইন করতে পেরেছেন কি-না, তা নিশ্চিত হওয়ার জন্য নিম্নোক্ত ছবিতে নির্দেশিত স্থানে আপনার প্রতিষ্ঠানের নাম প্রদর্শিত হচ্ছে কি-না দেখে নিন এবং আপনার প্রতিষ্ঠান নিশ্চিত হওয়ার পর জরিপ এর তথ্য দেয়ার জন্য '**জরিপে তথ্য দেয়ার জন্য ক্লিক করুন**' বাটনে ক্লিক করুন।



৬. এ পাতায় বিশ্ববিদ্যালয়ের অনেক তথ্য পূরণকৃত দেখাবে। এক্ষেত্রে পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন প্রয়োজন হলে পরিবর্তন করুন। এছাড়া কিছু তথ্য খালি বা ফাঁকা দেখাবে, ফাঁকা অংশগুলো যথাযথভাবে পূরণ করুন। তথ্যছকের কোন আবশ্যিক ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।

৭. প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ পূরণ করা সম্পন্ন হলে নিম্নোক্ত ছবিতে প্রদর্শিত তথ্যছকের নিচের দিকে থাকা Save and Next বাটন এ ক্লিক করুন। ক্লিক করার পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কিনা নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে Data Saved Successfully লেখা ভেসে উঠবে। অতঃপর ভবিষ্যত প্রয়োজনে ব্যবহারের জন্য চিত্রে প্রদর্শিত Print বাটনে ক্লিক করে প্রদত্ত তথ্য সংরক্ষণ করুন। উল্লেখ্য, প্রতি পাতার তথ্য পৃথকভাবে প্রিন্ট করতে হবে। তথ্যছকের সকল পাতা একত্রে প্রিন্ট করার সুযোগ নেই।



৮. তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে মেনুবারে প্রদর্শিত পরবর্তী মেনুতে (যেমন: মৌলিক তথ্য-২, শিক্ষার্থী-১, শিক্ষার্থী-২ ইত্যাদি) ক্লিক করুন এবং পূর্বের ন্যায় তথ্য পূরণ করে সংরক্ষণ করুন।



৯. একই পদ্ধতিতে সর্বশেষ পাতা পর্যন্ত তথ্য পূরণ করে যেতে হবে এবং প্রতি পাতার তথ্য পূরণের পর সংরক্ষণের জন্য ০৭ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করতে হবে।

১০. সকল পাতার তথ্য নির্ভুলভাবে হালনাগাদ করা সম্পন্ন হলে নিম্নোক্ত চিত্রে প্রদর্শিত **চূড়ান্ত সাবমিট** বাটনে ক্লিক করে তথ্য প্রদান সম্পন্ন করুন। সঠিকভাবে তথ্য প্রদান সম্পন্ন হলে স্ক্রিনে ধন্যবাদসূচক বার্তা প্রদর্শিত হবে। অতঃপর প্রতিষ্ঠানের পরবর্তী প্রয়োজনের জন্য দাখিলকৃত তথ্যসমূহ সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করে Logout বাটনে ক্লিক করে বের হয়ে যান।



১১. জরিপের তথ্য নির্ভুল হওয়া বাঞ্ছনীয়। ভবিষ্যতে এ তথ্যের উপর ভিত্তি করে পরিকল্পনা প্রণয়ন করা হবে।

১২. শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৫ এর তথ্যছক পূরণে যেকোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন:
ই-মেইল: info@banbeis.gov.bd

নং	নাম	পদবি	টেলিফোন নম্বর	মোবাইল নম্বর
১	জনাব নূর মোহাম্মদ	পরিসংখ্যান অফিসার	৪১০৬১২৩৭	০১৭১০৪৮০৯৯২
২	জনাব উম্মে নাজাইরা লিজা	পরিসংখ্যান অফিসার	৪১০৬০৭৫২	০১৯৩৫৮০৫৭১১
৩	জনাব মোহাঃ তরিকুল ইসলাম	পরিসংখ্যান অফিসার	৪১০৬০৭১৬	০১৮১৭০৯৫৩৭৭
৪	জনাব মোঃ কামাল হোসেন	সহ. পরিসংখ্যান অফিসার		০১৭১৪৫১১৯৪৪
৫	জনাব তাহমিনা আক্তার	সহ. পরিসংখ্যান অফিসার		০১৮৩৭৩৫৫২৯৪
৬	জনাব মোহাম্মদ সোলায়মান খলিফা	সহ. পরিসংখ্যান অফিসার		০১৭২৬২৬৪৮১০
৭	জনাব মোঃ মানিক হোসেন	সহ. পরিসংখ্যান অফিসার		০১৭৩৭৬০০৯৩০
৮	জনাব জেসমিন সুলতানা	সহ. পরিসংখ্যান অফিসার		০১৯৩৬৪৯৯০৬৪

- জরিপ কার্যক্রম সার্বিক তদারকি করবেন প্রফেসর মোঃ গোলাম ফিরোজ, পরিচালক (পরিসংখ্যান); ফোন: ৪১০৬০৭৩৩, মোবাইল: ০১৭১১২৮৬৩৫৭ এবং শেখ মোঃ আলমগীর, চিফ, পরিসংখ্যান বিভাগ; ফোন: ৪১০৬০৭১৫, মোবাইল: ০১৭১১৫৭৬৩৩৩
- সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন জনাব এস.এম. কামরুল হাসান খান, স্পেশালিস্ট, পরিসংখ্যান বিভাগ; ফোন: ৪১০৬০৭৫৭, মোবাইল: ০১৫৫২৩৩৯২৩১ এবং জনাব মোহাম্মদ রিয়াজুর রহমান, স্পেশালিস্ট, পরিসংখ্যান বিভাগ; ফোন: ৪১০৬০৭১৪, মোবাইল: ০১৭১২২৩৯৫৬৭

১৩. Software সংক্রান্ত যেকোন জটিলতায় পরামর্শের জন্য যোগাযোগ করুন: ই-মেইল: info@banbeis.gov.bd

নং	নাম	পদবি	টেলিফোন নম্বর	মোবাইল নম্বর
১	জনাব মুহাম্মদ মাহ্‌দী	প্রোগ্রামার		০১৫১১৫৮৩৮৫৬
২	জনাব মিলটন দাশ	প্রোগ্রামার		০১৯১৭৮৬২১১১
৩	জনাব মোঃ সালাউদ্দীন	প্রোগ্রামার		০১৫৫৭৬৮৫১৭৯
৪	জনাব দেবব্রত চক্রবর্তী	প্রোগ্রামার		০১৭১৭১৪৩৮২১
৫	জনাব মোঃ নাজমুল হক আনছারী	সহকারী প্রোগ্রামার	৪১০৬০৭৫০	০১৭১৫৬৫৯৬৬৩
৬	জনাব প্রদীপ চাকমা	সহকারী প্রোগ্রামার	৪১০৬০৭২৬	০১৮৬৯২৩২৯২২
৭	জনাব খালেদা মেহরীন	সহকারী প্রোগ্রামার		০১৭১৫৬১৩৬১১
৮	জনাব মঞ্জুর-ই-মোর্শেদ	সহকারী প্রোগ্রামার		০১৭৪৬৪৩৪০৩৪

১৪. Software Developer এর সাথে Software সংক্রান্ত যেকোন জটিলতায় পরামর্শের জন্য হোয়াটস অ্যাপ এ যোগাযোগ করুন:

নং	নাম	পদবি	মোবাইল নম্বর
১	জনাব মাহাবুবুর রহমান কাওসার	Senior Software Engineer	০১৮২২৮১১৫৩১
২	জনাব তন্ময় তুষার	Software Engineer	০১৬৭২১২৫১৪৮
৩	জনাব এনামুল হক শাওন	Software Engineer	০১৮৩৮১৯৬১১০
৪	জনাব মনিরুল ইসলাম তামিম	Software Engineer	০১৭৪৯৮৬৯৮২৭
৫	জনাব সিরাজুস সালেকিন	SQA Engineer	০১৮৮৬২৮০৯০০

আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।